


যুগ্মাত্মক

চাবিতে অন্তর্সহ আটক

চার ছাত্রলীগ নেতা বিশ্ববিদ্যালয় থেকে বহিক্ষার

প্রকাশ : ২৪ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) হাজী মুহম্মদ মহসীন হল থেকে পিস্তলসহ ছাত্রলীগের দুই নেতাকে আটকের ঘটনায় চারজনকে এবার বিশ্ববিদ্যালয় থেকে সাময়িকভাবে বহিক্ষার করা হয়েছে। এর আগে তাদেরকে হল থেকে বহিক্ষার করা হয়েছিল। ৮ অক্টোবর রাতে মহসীন হলের ১২১ নম্বর কক্ষ থেকে পিস্তল, বাঁটি, সিসিক্যামেরা, হাতুড়ি, লাঠিসহ আটক করা হয় দুই ছাত্রলীগ নেতাকে। অন্য দুই নেতা ঘটনাস্থল থেকে স্টকে পড়ে। বুধবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক ড. একেএম গোলাম রব্বানী যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন। বহিক্ষৃতরা হলেন- শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের ৪ৰ্থ বর্ষের শিক্ষার্থী ও বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সদ্য বিদায়ী কমিটির ক্রীড়াবিষয়ক উপ-সম্পাদক হাসিবুর রহমান তুষার, দর্শন বিভাগের ১ম বর্ষের (২০১৫০১৬) ছাত্র ও ঢাবি শাখা ছাত্রলীগের সদ্য বিদায়ী অর্থবিষয়ক উপ-সম্পাদক আবু বকর আলিফ, পালি অ্যান্ড বুদ্ধিষ্ঠ স্টাডিজ বিভাগের ৪ৰ্থ বর্ষের শিক্ষার্থী ও হল শাখা ছাত্রলীগের ধর্মবিষয়ক উপ-সম্পাদক মো. ইফতেখার ইসলাম তুষার এবং বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের ৪ৰ্থ বর্ষের ছাত্র ও হল শাখা ছাত্রলীগের সাবেক সহ-সম্পাদক ইমরান হোসেন (ইমরান ফরহাদ ইমু)। এদের মধ্যে প্রথম দু'জনকে আটকে করে পুলিশে দেয়া হয়েছে। প্রষ্টর বলেন, ফৌজদারি অপরাধ ও বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলাবিরোধী কাজে জড়িত থাকায় সাময়িকভাবে তাদের বহিক্ষার করা হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।